গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)**
**COVID-19 নিয়ন্ত্রণ কক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর**
মহাখালী, ঢাকা ১২১২
টেলিফোনঃ 9840376, ৯৮৯৮৭৯৬, ৯৮৯৮৬৯১ ফ্যাক্সঃ ৯৮৮০৪৪০
ই-মেইলঃ info@iedcr.gov.bd; ncov@iedcr.gov.bd ওয়েবসাইটঃ www.iedcr.gov.bd

১৭ মার্চ ২০২০ইং

# সংবাদ বিজ্ঞপ্তি

## মুজিব বর্ষে বিনম্র শ্রদ্ধা

আমরা আজ গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। আজ তাঁর জন্ম শত বার্ষিকী। একটি স্বাস্থ্যবান জাতি গড়ে তুলেই কেবলমাত্র আমরা জাতির জনকের প্রতি যথাযথ সম্মান জানাতে পারি।

## মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কর্তৃক স্বাস্থ্য অধিদপ্তর পরিদর্শন

আজ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এমপি স্বাস্থ্য ভবনে স্থাপিত কোভিড-১৯ সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র পরিদর্শন করেন। তাঁর সাথে ছিলেন স্বাস্থ্যসেবা বিভাগের সচিব জনাব মো. আসাদুল ইসলাম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ডা. আবুল কালাম আজাদ, অতিরিক্ত সচিব জনাব হাবিবুর রহমান, বিশ্ব স্বাস্থ্য সংস্থার বাংলাদেশের প্রতিনিধি ডা. বর্ধন জং রানা প্রমুখ।

## সংবাদ সম্মেলনে আইইডিসিআর-এর পরিচালক

সাংবাদিকদেরকে নিয়মিত অবহিতকরণের অংশ হিসেবে আজ বেলা ১২টায় আইইডিসিআর মিলনায়তনে COVID-19 সংক্রমণের নানা দিক, বাংলাদেশ ও বিশ্ব পরিস্থিতি তুলে ধরেন আইইডিসিআর-এর পরিচালক প্রফেসর ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

## বাংলাদেশের করোনা ভাইরাস রোগী পরিস্থিতি

বাংলাদেশে আজ আরো ২ জন নতুন রোগী সনাক্ত হয়েছে। আজ পর্যন্ত কোভিড-১৯ সনাক্ত রোগী মোট ১০ জন। এর মধ্যে হাসপাতালে চিকিৎসাধীন ৩ জন কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির মধ্যে সবাই সুস্থ হয়ে বাড়ীতে গেছেন। এ তিন জনের সংস্পর্শে আসা ব্যক্তিগণ কোয়ারেন্টিনে ভাল আছেন।

আজ সনাক্ত হওয়া রোগীদের একজন ইতালী ফেরত প্রবাসী বাংলাদেশী, তিনি কোয়ারেন্টিনেই ছিলেন। তার লক্ষণ মৃদু। আরেক জন মার্কিন যুক্তরাষ্ট্র থেকে আসা কোভিড-১৯ সংক্রমণের লক্ষণযুক্ত ব্যক্তির সংস্পর্শে ছিলেন। বয়স্ক এ রোগীর দীর্ঘমেয়াদী অসুস্থতা রয়েছে। মার্কিন প্রবাসী কোভিড-১৯ লক্ষণযুক্ত ব্যক্তিটি বাংলাদেশে কোভিড-১৯ নিয়ন্ত্রণ কক্ষে কোন প্রকার যোগাযোগ ছাড়াই মার্কিন যুক্তরাষ্ট্রে ফিরে যান। তার তথ্য মার্কিন দূতাবাসে জানানো হবে।

## পূর্ণ নিষ্ঠার সাথে স্বেচ্ছা/গৃহ কোয়ারেন্টিন মেনে চলার আহ্বান

যে সব ব্যক্তি কোভিড-১৯ আক্রান্ত দেশ থেকে বাংলাদেশে ফিরে এসে গৃহ/স্বেচ্ছা কোয়ারেন্টিনের নিয়মকানুন মানছেন না এবং পরিবারের সদস্যদের সাথে দূরত্ব বজায় রাখছেন না, তারা পরিবারের সদস্যদেরকে ঝুঁকির মধ্যে

ফেলছেন। বাংলাদেশে যে পাঁচজন দেশে বসেই কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন, তারা সবাই প্রবাস থেকে ফিরে আসা নিকট জনদের কাছ থেকে সংক্রমিত হয়েছেন। তাই আমরা আবারো আহ্বান জানাচ্ছি, পরিবার-সমাজ-দেশের স্বাস্থ্য নিরাপত্তার স্বার্থে বিদেশ থেকে ফিরে আসা যাত্রীগণ ১৪ দিনের কোয়ারেন্টিন পালন করুন। তাদেরকে এটাও স্মরণ করিয়ে দিতে চাই যে, কোয়ারেন্টিন পালন করা আইনগতভাবে বাধ্যতামূলক। আইন ভঙ্গ করে নিজেকে অপরাধী করবেন না।

## প্রবাসী বাংলাদেশীদের স্বাস্থ্য পরিস্থিতি

সিঙ্গাপুর, সংযুক্ত আরব আমিরাত, ইটালি ও সৌদী আরবে কয়েক জন প্রবাসী বাংলাদেশী কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন। সিঙ্গাপুরে আইসিইউতে চিকিৎসাধীন বাংলাদেশী রোগীর অবস্থার উন্নতি হয় নি। আমরা পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাসের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখছি।

## বাংলাদেশে কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণ পরিস্থিতি

স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালনায় আন্তর্জাতিক বিমান বন্দরসমূহ, সমুদ্র বন্দরমূহ, স্থল বন্দরসমূহে বিদেশ থেকে আগত সকল যাত্রীর তাপমাত্রা পরীক্ষা করা হচ্ছে।

**স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (১৭ মার্চ ২০২০ইং)**

| ডবষয় | ২৪ ঘন্টার সর্বশেষ পরিস্থিতি | গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধি |
|---|---|---|
| মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা | ৮৬৬৮ | ৬২৪৭৪৩ |
| এ পর্যন্ত দেশের ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে বিদেশ থেকে আগত স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা* | ৩৩৫০ | ৩০৯১৩৮ |
| দু'টি সমুদ্র বন্দরে (চট্টগ্রাম সমুদ্র বন্দর ও মংলা সমুদ্র বন্দর) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা | ২৭২ | ৭৯৫৫ |
| ঢাকা ক্যান্টনমেন্ট ও বেনাপোল রেলওয়ে স্টেশনে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা | ০ | ৭০২৯ |
| অন্যান্য চালু স্থলবন্দরগুলোতে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা | ৫০৪৬ | ৩০০৬২১ |

* গত০৭/০২/২০২০ থেকে সকল আন্তর্জাতিক বিমান বন্দরে (ঢাকা, চট্টগ্রাম, সিলেট) বিদেশ থেকে আগত সকল যাত্রীকে স্ক্রিনিং করা হচ্ছে।

** কোনো কোনো বন্দর থেকে প্রতিবেদন সময় মত না পেলে তা পরের দিনের সংখ্যার সাথে যোগ করে মোট সংখ্যা প্রকাশ করা হচ্ছে।

আইইডিসিআর হটলাইনে প্রতিদিন কোভিড-১৯ বিষয়ে মানুষের জিজ্ঞাসার জবাব দেয়া হয়। ভাইরোলজি ল্যাবরেটরিতে কোভিড-১৯ আক্রান্ত সন্দেহে নমুনা পরীক্ষা করা হচ্ছে।

**হটলাইন সেবা ও ল্যাবরেটরি পরীক্ষার সর্বশেষ পরিস্থিতিঃ (১৭ মার্চ ২০২০ইং)**

| বিষয় | ২৪ ঘন্টার সর্বশেষ পরিস্থিতি | গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধি |
|---|---|---|
| আইইডিসিআর হটলাইনে মোটকলের সংখ্যা | ৪৮৫৭ | ৩৯৬০৪ |
| আইইডিসিআর হটলাইনে COVID-19 সংক্রান্ত মোটকলের সংখ্যা | ৪৬৪২ | ৩৭৬৬৩ |

| বিষয় | ২৪ ঘন্টার সর্বশেষ পরিস্থিতি | গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধি |
|---|---|---|
| আইইডিসিআরএ আগতCOVID-19 সংক্রান্ত মোট সেবাগ্রহীতার সংখ্যা | ২৫ | ৪৩৮ |
| COVID-19 পরীক্ষাকরা মোট নমুনার সংখ্যা | ৪৯ | ৩২৬ |
| COVID-19 আক্রান্ত হয়েছেন এমন সন্দেহে বিভিন্ন হাসপাতালে অন্ততঃ ল্যাবরেটরি পরীক্ষা পর্যন্ত আইসোলেশনে আছেন তাদের সংখ্যা | ১৬ | - |
| বিদেশে COVID-19 আক্রান্ত দেশ থেকে আগত যাত্রী যারা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে আছেন তাদের সংখ্যা | ৪৩ | |
| নিশ্চিতকৃত COVID-19 সংক্রমিত ব্যক্তিদের মোটসংখ্যা | ২ | ১০ |

## কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে করণীয়

- নিয়মিত সাবান ও পানি দিয়ে দুই হাত ধোবেন (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)
- অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করবেননা
- ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলুন
- কাশিশিষ্টাচার মেনে চলুন (হাঁচি/কাশির সময় বাহু/ টিস্যু/ কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখুন)
- অসুস্থ হলেঘরে থাকুন, বাইরে যাওয়া অত্যাবশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন
- কারো সাথে হাত মেলানো (হ্যান্ড শেক), কোলাকুলি থেকে বিরত থাকুন
- জরুরী প্রয়োজন ব্যতীত বিদেশ ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং এ সময়ে অন্য দেশ থেকে প্রয়োজন ব্যতীত বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করুন
- অত্যাবশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করুন
- অত্যাবশকীয় নয় এমন সব জাতীয়-আন্তর্জাতিক সভা-সমাবেশ-সম্মেলন আয়োজন না করাই ভাল
- অতি বয়স্ক, দীর্ঘমেয়াদী অসুস্থতায় (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, হৃদরোগ, অ্যাজমা, কিডনী সমস্যা, ক্যান্সার প্রভৃতি) ভুগছেন এমন ব্যক্তিগণ ভীড় এড়িয়ে চলুন

## হটলাইনের নম্বরসমূহ

- ৩৩৩
- স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য বাতায়নের হটলাইন নম্বরঃ **১৬২৬৩**
- আইইডিসিআর-এর হটলাইনের নম্বরঃ **০১৫৫০০৬৪৯০১, ০১৫৫০০৬৪৯০২, ০১৫৫০০৬৪৯০৩, ০১৫৫০০৬৪৯০৪, ০১৫৫০০৬৪৯০৫, ০১৪০১১৮৪৫৫১, ০১৪০১১৮৪৫৫৪, ০১৪০১১৮৪৫৫৫, ০১৪০১১৮৪৫৫৬, ০১৪০১১৮৪৫৫৯, ০১৪০১১৮৪৫৬০, ০১৪০১১৮৪৫৬৩, ০১৪০১১৮৪৫৬৮, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫, ০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১**

## ফেসবুক মেসেঞ্জারে বার্তা পাঠানো যাবে

ফেসবুক আইডিঃ Iedcr,COVID-19 Control Room

স্বা/=

**অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা**

পরিচালক

ফোন নম্বরঃ ০২-৯৮৪২২৭০